

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০৬.১৭-১৬৫

তারিখঃ ১০.০৬.২০১৮খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন “এক্সটেনশন অব শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা”(কোড নং-২৭১১-৮৬৮০) শীর্ষক ডিপিপি অনুকূলে চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে সংশোধিত এডিপি জিওবি (স্থানীয় মুদ্রা) খাতে বরাদ্দকৃত অর্থ হতে ১ম, ২য় ও ৩য় কিস্তির অর্থছাড় প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক ৩১.০৫.২০১৮ তারিখের নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০৬.১৭-১৫৮ সংখ্যক স্মারকে অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে “এক্সটেনশন অব শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা”(কোড নং-২৭১১-৮৬৮০) শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত এডিপিতে জিওবি (স্থানীয় মুদ্রায়) খাতে বরাদ্দকৃত অর্থ হতে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে ৫২৪.৩১ লক্ষ (পাঁচ কোটি চব্বিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা (রাজস্ব- ১৯.৫৬ লক্ষ + মূলধন- ৫০৪.৭৫ লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্তে ছাড়করণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি:

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য অধিদপ্তর	“এক্সটেনশন অব শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা” শীর্ষক প্রকল্পের (কোড২৭১১-৮৬৮০)	অনুমোদিত	১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ জিওবি অর্থ	১৯.৫৬	৫০৪.৭৫	৫২৪.৩১

শর্তাবলী:

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে দায়ী থাকবে;
- এই ব্যয় ২০১৭-১৮ অর্থ বছরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের “এক্সটেনশন অব শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা” শীর্ষক ডিপিপি হতে বহন করা হবে; এক খাতের অর্থ আরেক খাতে ব্যয় করা যাবে না;
- অর্থ ব্যয়ের মনিটরিং রিপোর্ট, সম্পদ সংগ্রহ ও অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে ব্যয় মঞ্জুরীসহ প্রশাসনিক অনুমোদন এবং বিস্তারিত ব্যয়ের তথ্য প্রেরণ করতে হবে; এবং
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে।

০৩। অর্থ বিভাগের ১০.০৬.২০১৮খ্রি: তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.০৬১.২০১৩-৪২২ নং স্মারক এবং ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সে অনুযায়ী এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বা,

(মোহাম্মদ নাসির উদ্দীন)

উপসচিব

ফোনঃ-৯৫৪৯৫৫৩

